বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

# পর্ব - ০৯
## সৃজনশীল নমুনা প্রশ্ন ও নমুনা উত্তর
## (পাঠ পরিকল্পনা - ০৯ অনুসারে)

আলোচ্য বিষয়:
একতরফা দাখিলা পদ্ধতি
হিসাববিজ্ঞান প্রথমপত্র
দ্বাদশ শ্রেণি

মুহম্মদ জিয়াউর রহমান
সহকারী অধ্যাপক (হিসাববিজ্ঞান)
বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম
০১৬১০-৯৩৫৩৫৬

# নমুনা প্রশ্ন - ০১

জনাব রাজিব একজন খুচরা ব্যবসায়ী। তিনি তার হিসাব রক্ষণ একতরফা পদ্ধতি মোতাবেক সংরক্ষণ করেন। ২০১৯ সালের তার ব্যবসায়ের আর্থিক অবস্থা ছিল নিম্নরূপ:

| বিবরণ | ৯ জানুয়ারি ২০১৯<br>টাকা | ৩১ ডিসেম্বর ২০১৯<br>টাকা |
|---|---|---|
| হাতে নগদ | ১,৫০০ | ১,৪০০ |
| ব্যাংক উদ্বৃত্ত | ২,০০০(ক্রে.) | ১৪,৫০০ |
| মজুদ পণ্য | ৫,৫০০ | ৫,০০০ |
| প্রাপ্য হিসাব | ১০,০০০ | ১৫,৫০০ |
| প্রাপ্য নোট | ৩,০০০ | ৪,৫০০ |
| প্রদেয় হিসাব | ৬,৫০০ | ১৭,৫০০ |
| প্রদেয় নোট | ২,৫০০ | ২,০০০ |
| আসবাবপত্র | ১২,০০০ | ১২,০০০ |
| দালানকোঠা | ২৫,০০০ | -- |

জনাব রাজিব প্রতি মাসে কারবার থেকে ৪০০ টাকা করে নগদ এবং এককালীন ২,০০০ টাকার পণ্য উত্তোলন করেন।তিনি ব্যক্তিগত তহবিল থেকে৪০,০০০ টাকা দিয়ে একটি যন্ত্রপাতি ক্রয় করেন। প্রাপ্য হিসাবের ২,৫০০ টাকা আদায়যোগ্য নয়। অবশিষ্ট প্রাপ্য হিসাবের ৫% হারে আমাদের পাওনা সঞ্চিতি রাখতে হবে। নোবেল প্রোন এর উপর৫% হারে সুদ হিসাব করতে হবে।

ক) উত্তোলনের মোট পরিমাণ ও উত্তোলনের ওপর সুদ নির্ণয় করো।

খ) প্রারম্ভিক মূলধন ৪৬,০০০ টাকা হলে ২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য লাভ লোকসান বিবরণী প্রস্তুত করো।

গ) ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখে জনাব রাজিবের আর্থিক অবস্থার বিবরণী তৈরি করো।

## ১(ক) নং প্রশ্নের উত্তর:

**উত্তোলনের মোট পরিমাণ ও উত্তোলনের ওপর সুদ নির্ণয়:**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| উত্তোলন:<br>নগদ (৪০০×১২)<br>পণ্য | <br>৪ ,৮০০<br>২,০০০ | |
| মোট উত্তোলন = | | ৬,৮০০ |

আমরা জানি, প্রতি মাসে নির্দিষ্ট পরিমাণ টাকা উত্তোলন করলে উত্তোলনের ওপর সুদ নির্ণয়ের সূত্র হলো-

$= \text{মাসিক উত্তোলন} \times \text{সুদের হার} \times \frac{১২}{২}$

এখানে,

মাসিক উত্তোলন - ৪০০ টাকা

সুদের হার - ৫%

সুতরাং জনাব রাজিবের সুদ

$= ৪০০ \text{ টাকা} \times ৫\% \times \frac{১২}{২}$

= ১২০ টাকা

নোট: সাধারণত পণ্য উত্তোলনের ওপর সুদ ধরা হয় না। তাই শুধু নগদ উত্তোলন-এর উপর সুদ করা হয়েছে।

**১(খ) নং প্রশ্নের উত্তর:**

জনাব রাজিব

লাভ-লোকসান বিবরণী

২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | বিবরণ | টাকা |
|---|---|---|---|
| প্রারম্ভিক মূলধন | ৪৬,০০০ | সমাপনী মূলধন (গণনা-২) | ৯৮,৪০০ |
| অতিরিক্ত মূলধন | ৪০,০০০ | মোট উত্তোলন | ৬,৮০০ |
| অলিখিত অনাদায়ী পাওনা | ২,৫০০ | উত্তোলনের সুদ | ৯২০ |
| নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতি (গণনা-১) | ৬৫০ | | |
| নিট মুনাফা (বৈষয়িক বিবরণীতে নীত) | ১৬,৯৭০ | | |
| | ১,০৫,৩২০ | | ১,০৫,৩২০ |

**প্রাসঙ্গিক গণনাসমূহ:**

১। অনাদায়ী পাওনা সঞ্চিতির পরিমাণ নির্ণয়:

অনাদায়ী পাওনা সঞ্চিতি = (১৫,৫০০ -২,৫ ০০) টাকা × ৫% = ৬৫০ টাকা

২। সমাপনী মূলধন নির্ণয়:

| দায়সমূহ | টাকা | সম্পদসমূহ: | টাকা |
|---|---|---|---|
| প্রদেয় হিসাব | ১৭,৫০০ | হাতে নগদ | ১,৪০০ |
| প্রদেয় নোট | ২,০০০ | ব্যাংকে জমা | ১৪,৫০০ |
| মূলধন (পার্থক্যের পরিমাণ) | ৯৮,৪০০ | মজুদ পণ্য | ৫,০০০ |
| | | প্রাপ্য হিসাব | ১৫,৫০০ |
| | | প্রাপ্য নোট | ৪,৫০০ |
| | | আসবাবপত্র | ১২,০০০ |
| | | দালানকোঠা | ২৫,০০০ |
| | | যন্ত্রপাতি | ৪০,০০০ |
| | ১,১৭,৯০০ | | ১,১৭,৯০০ |

**১(গ)নং প্রশ্নের উত্তর**

জনাব রাজিব

আর্থিক অবস্থার বিবরণী

৩১ ডিসেম্বর ২০১৯ তারিখে প্রস্তুতকৃত

| **দায়সমূহ** | **টাকা** | **টাকা** | **সম্পত্তি সমূহ** | **টাকা** | **টাকা** |
|---|---|---|---|---|---|
| প্রদেয় হিসাব | | ১৭,৫০০ | হাতে নগদ | | ১,৪০০ |
| প্রদেয় নোট | | ২,০০০ | ব্যাংক উদ্বৃত্ত | | ১৪,৫০০ |
| প্রারম্ভিক মূলধন | ৪৬,০০০ | | মজুদ পণ্য | | ৫,০০০ |
| (+) অতিরিক্ত মূলধন | ৪০,০০০ | | প্রাপ্য হিসাব | ১৫,৫০০ | |
| | ৮৬,০০০ | | (-) অলিখিত অনাদায়ী পাওনা | ২,৫০০ | |
| (+) নিট মুনাফা | ১৬,৯৭০ | | (-) নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতি | ৬৫০ | |
| | ১,০২,৯৭০ | | | | ১২,৩৫০ |
| (-) মোট উত্তোলন | ৬,৮০০ | | প্রাপ্য নোট | | ৪,৫০০ |
| | ৯৫,৩৭০ | | আসবাবপত্র | | ১২,০০০ |
| (-) উত্তোলনের সুদ | ৯২০ | ৯৫,২৫০ | দালানকোঠা | | ২৫,০০০ |
| | | | যন্ত্রপাতি | | ৪০,০০০ |
| | | **১,৯৪,৭৫০** | | | **১,৯৪,৭৫০** |

# নমুনা প্রশ্ন -০২

জনাব রায়হান একতরফা দাখিলা পদ্ধতি অনুযায়ী হিসাব সংরক্ষণ করেন। ২০১৯ সালে তার ব্যবসার আর্থিক অবস্থা ছিল নিম্নরূপ:

| বিবরণ | ৩১-১২-২০১৮ টাকা | ৩১-১২-২০১৯ টাকা |
|---|---|---|
| হাতে নগদ | ৫০,০০০ | ১,৬০,০০০ |
| ব্যাংকে জমা | ৫০,০০০ | (ক্রে.)১০,০০০ |
| যন্ত্রপাতি | ৩০,০০০ | - |
| ১০% বিনিয়োগ | ৪০,০০০ | ৪০,০০০ |
| মজুদ পণ্য | ২০,০০০ | ৬৫,০০০ |
| বিবিধ দেনাদার | ৪০,০০০ | ৬০,০০০ |
| বিবিধ পাওনাদার | ৫০,০০০ | ৭৫,০০০ |
| প্রদেয় বিল | ২৫,০০০ | ৩৫,০০০ |

জনাব রায়হান কারবার থেকে প্রতি মাসে ২,০০০ টাকা নগদ উত্তোলন করেন। এছাড়া তিনি কারবার থেকে ৫,০০০ টাকার পণ্য উত্তোলন করেন, যা হিসাবভুক্ত হয়নি। তিনি ০১-০৭-২০১৯ তারিখে কারবারের জন্য ২০,০০০ টাকা মূল্যের একটি ডেলিভারি ভ্যান ক্রয় করেন। এই ডেলিভারি ভ্যান ক্রয়ের জন্য ১৫,০০০ টাকা তিনি ব্যক্তিগত তহবিল থেকে সরবরাহ করেন।

**অন্যান্য তথ্য:**

১। বেতন বকেয়া রয়েছে৪,০০০ টাকা।

২। অগ্রিম প্রদত্ত ভাড়া ৫,০০০ টাকা।

৩। বিবিধ দেনাদারের ৫,০০০ টাকা আদায়যোগ্য নয়; অবশিষ্ট দানা দানার উপর৫% অনাদায়ী পাওনা সঞ্চিতি ধার্য করতে হবে।

৪। যন্ত্রপাতি ও ডেলিভারি ভ্যানের উপর১০% হারে অবচয় ধার্য করতে হয়।

ক) যন্ত্রপাতি ও ডেলিভারি ভ্যানের উপর খরচের পরিমাণ নির্ণয় করো।

খ) প্রারম্ভিক ও সমাপনী মূলধন নির্ণয় করো।

গ) উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে প্রতিষ্ঠান জন্য লাভ-লোকসান বিবরণী প্রস্তুত করো।

## ২(ক) নং প্রশ্নের উত্তর

**যন্ত্রপাতি ও ডেলিভারি ভ্যানের উপর অবচয় নির্ণয়:**

**যন্ত্রপাতির অবচয়:**

= যন্ত্রপাতি প্রারম্ভিক উদ্বৃত্ত × অবচয়ের হার

= ৩০,০০০ টাকা × ১০%

= ৩,০০০ টাকা

**ডেলিভারি ভ্যানের অবচয়:**

= ডেলিভারি ভ্যানের প্রারম্ভিক উদ্বৃত্ত × অবচয়ের হার × ৬/১২

= ২০,০০০ টাকা × ১০%× ৬/১২

= ১,০০০ টাকা

## ২(খ) নং প্রশ্নের উত্তর

**প্রারম্ভিক ও সমাপনী মূলধন নির্ণয়:**

| বিবরণ | ৩১-১২-২০১৮ টাকা | ৩১-১২-২০১৯ টাকা |
|---|---|---|
| **সম্পদসমূহ:** | | |
| হাতে নগদ | ৫০,০০০ | ১,৬০,০০০ |
| ব্যাংকে জমা | ৫০,০০০ | - |
| যন্ত্রপাতি | ৩০,০০০ | ৩০,০০০ |
| ১০% বিনিয়োগ | ৪০,০০০ | ৪০,০০০ |
| মজুদ পণ্য | ২০,০০০ | ৬৫,০০০ |
| বিবিধ দেনাদার | ৪০,০০০ | ৬০,০০০ |
| ডেলিভারি ভ্যান | - | ২০,০০০ |
| **মোট সম্পদ =** | **২,৩০,০০০** | **৩,৭৫,০০০** |
| **বাদ: দায়সমূহ:** | | |
| ব্যাংক জমাতিরিক্ত | - | ১০,০০০ |
| বিবিধ পাওনাদার | ৫০,০০০ | ৭৫,০০০ |
| প্রদেয় বিল | ২৫,০০০ | ৩৫,০০০ |
| **মোট দায় =** | **৭৫,০০০** | **১,২০,০০** |
| **মুলধন (পার্থক্যের পরিমাণ)** | **১,৫৫,০০০** | **২,৫৫,০০০** |

## ২(গ)নং প্রশ্নের উত্তর

জনাব রায়হান
লাভ-লোকসান বিবরণী
২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | বিবরণ | | টাকা |
|---|---|---|---|---|
| প্রারম্ভিক মূলধন | ১,৫৫,০০০ | সমাপনী মূলধন | | ২,৫৫,০০০ |
| অতিরিক্ত মূলধন | ১৫,০০০ | উত্তোলন: | | |
| বকেয়া বেতন | ৪,০০০ | নগদ | ২৪,০০০ | |
| নতুন অনাদায়ী পাওনা | ৫,০০০ | পণ্য | ৫,০০০ | |
| নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতি | ২,৭৫০ | | | ২৯,০০০ |
| যন্ত্রপাতির অবচয় | ৩,০০০ | বিনিয়োগের সুদ | | ৪,০০০ |
| ডেলিভারি ভ্যানের অবচয় | ৯,০০০ | অগ্রিম ভাড়া | | ৫,০০০ |
| নিট লাভ (বৈষয়িক বিবৃত্তিতে নীত) | ১,০৭,২৫০ | | | |
| | ২,৯৩,০০০ | | | ২,৯৩,০০০ |

# নমুনা প্রশ্ন-০৩

জনাব শাওন তার হিসাবের বই দুতরফা দাখিলা পদ্ধতি মোতাবেক সংরক্ষণ করেন না। ২০১৯ সালের ১ জানুয়ারি তারিখে তার ব্যবসায়ের মূলধন ছিল ২,৫০,০০০ টাকা। ২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে তার ব্যবসায়ের আর্থিক অবস্থা ছিল নিম্নরূপ:

| হিসাবের নাম | টাকা |
|---|---|
| নগদ তহবিল | ৭০,০০০ |
| প্রাপ্য হিসাব | ২০,০০০ |
| মজুদ পণ্য | ৪০,০০০ |
| ১৫% বিনিয়োগ | ৬০,০০০ |
| যন্ত্রপাতি | ৫০,০০০ |
| আসবাবপত্র | ৪৫,০০০ |
| প্রদেয় হিসাব | ১০,০০০ |
| বকেয়া বেতন | ৫,০০০ |

জনাব শাওন সারা বছর ধরে নগদ ১২,০০০ টাকা উত্তোলন করেন। ১ জুলাই ২০১৯ তারিখে তিনি ব্যবসায়ের জন্য ৪০,০০০ টাকা দিয়ে একটি মোটর গাড়ি ক্রয় করেন, যার অর্ধেক টাকা ব্যক্তিগত তহবিল থেকে সরবরাহ করেন।

অন্যান্য তথ্য:

১। ব্যবসায়িক খরচ ২,০০০ টাকা বকেয়া রয়েছে ।

২। বিনিয়োগের ছয় মাসের সুদ অনাদায়ী রয়েছে।

৩। আসবাবপত্রের উপর ১০% এবং যন্ত্রপাতির উপর ৫% অবচয় ধরতে হবে।

ক) সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় করো।

খ) জনাব শাওনের লাভ লোকসান বিবরণী তৈরি করো।

গ) ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখের তার বৈষয়েক বিবৃতি প্রস্তুত করো ।

## ৩(ক) নং প্রশ্নের উত্তর

**সমাপনী মুলধন নির্ণয়:**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| সমাপনী সম্পদসমূহ: | | |
| নগদ তহবিল | ৭০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ২০,০০০ | |
| মজুদ পণ্য | ৪০,০০০ | |
| ১৫% বিনিয়োগ | ৬০,০০০ | |
| যন্ত্রপাতি | ৫০,০০০ | |
| আসবাবপত্র | ৪৫,০০০ | |
| মোটরগাড়ি | ৪০,০০০ | |
| মোট= | | ৩,২৫,০০০ |
| **বাদ: সমাপনী দায়সমূহ:** | | |
| প্রদেয় হিসাব | ১০,০০০ | |
| বকেয়া বেতন | ৫,০০০ | |
| মোট= | | ১৫,০০০ |
| **সমাপনী মুলধন** | | ৩,১০,০০০ |

## <u>৩(খ) নং প্রশ্নের উত্তর</u>

জনাব শাওন
লাভ-লোকসান বিবরণী
২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| সমাপনী মূলধন | | ৩,১০,০০০ | |
| উত্তোলন | | ১২,০০০ | |
| বিনিয়োগের প্রাপ্য সুদ (৬০,০০০×১৫%×১/২) | | ৪,৫০০ | |
| | | | ৩,২৬,৫০০ |
| বাদ: প্রারম্ভিক মূলধন | | ২,৫০,০০০ | |
| অতিরিক্ত মূলধন (৪০,০০০×১/২) | | ২০,০০০ | |
| বকেয়া ব্যবসায়িক খরচ | | ২,০০০ | |
| অবচয় সমূহ: | | | |
| আসবাবপত্র (৪৫,০০০×১০%) | ৪,৫০০ | | |
| যন্ত্রপাতি (৫০,০০০×৫%) | ২,৫০০ | | |
| | | ৭,০০০ | |
| | | | ২,৭৯,০০০ |
| নিট লাভ/আয় (বৈষয়িক বিবৃত্তিতে নীত) | | | ৪৭,৫০০ |

## <u>৩(গ) নং প্রশ্নের উত্তর</u>

**জনাব শাওন**
**বৈষয়িক বিবরণী/আর্থিক অবস্থার বিবরণী**
**৩১ ডিসেম্বর ২০১৯ তারিখে প্রস্তুতকৃত**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| নগদ তহবিল | | ৭০,০০০ |
| প্রাপ্য হিসাব | | ২০,০০০ |
| মজুদ পণ্য | | ৪০,০০০ |
| ১৫% বিনিয়োগ | | ৬০,০০০ |
| বিনিয়োগের প্রাপ্য সুদ | | ৪,৫০০ |
| আসবাবপত্র | ৪৫,০০০ | |
| (-) অবচয় | ৪,৫০০ | ৪০,৫০০ |
| যন্ত্রপাতি | ৫০,০০০ | |
| (-) অবচয় | ২,৫০০ | ৪৭,৫০০ |
| মোটরগাড়ি | | ৪০,০০০ |
| মোট সম্পত্তি = | | ৩,২২,৫০০ |
| প্রদেয় হিসাব | | ১০,০০০ |
| বকেয়া বেতন | | ৫,০০০ |
| বকেয়া ব্যবসায়ী খরচ | | ২,০০০ |
| প্রারম্ভিক মূলধন | ২,৫০,০০০ | |
| (+) অতিরিক্ত মূলধন | ২০,০০০ | |
| (+) নিট মুনাফা | ৪৭,৫০০ | |
| (-) উত্তোলন | ১২,০০০ | |
| | | ৩,০৫,৫০০ |
| **মোট দায় ও মালিকানা স্বত্ব =** | | ৩,২২,৫০০ |

# নমুনা প্রশ্ন-০৪

মি. মান্নান একজন খুচরা ব্যবসায়ী। তিনি কারবারের হিসাব বই দুতরফা দাখিলা পদ্ধতি মোতাবেক সংরক্ষণ করেন না। ২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে তাঁর কারবারের আর্থিক অবস্থা ছিল নিম্নরূপ:

| দায়সমূহ | টাকা | সম্পত্তিসমূহ | টাকা |
|---|---|---|---|
| ১০% ঋণ | ১,৪০,০০০ | নগদ তহবিল | ২০,০০০ |
| প্রদেয় হিসাব | ১,০০,০০০ | মজুদ পণ্য | ১,৪৫,০০০ |
| বকেয়া মজুরি | ১০,০০০ | প্রাপ্য হিসাব | ২,০০,০০০ |
| মূলধন | ৭,২০,০০০ | অগ্রিম বেতন | ১৫,০০০ |
| | | আসবাবপত্র | ১,৯০,০০০ |
| | | ইমারত | ৪,০০,০০০ |
| | ৯,৭০,০০০ | | ৯,৭০,০০০ |

২০১৯ সালের ৩১ ডিসেম্বর কারবারের সম্পদ ও দায় ছিল নিম্নরূপ:
প্রাপ্য হিসাব ৯,৭০,০০০ টাকা; মজুদ পণ্য ৯,৪০,০০০ টাকা; নগদ তহবিল ৪০,০০০ টাকা; প্রদেয় হিসাব ৯,২০,০০০ টাকা; ব্যাংক জমাতিরিক্ত ২৫,০০০ টাকা।

অন্যান্য তথ্যাবলি:

১। ২০১৯ সালের ৩০ জুন তারিখে ১০% ঋণের ৪০,০০০ টাকা পরিশোধ করা হয়।

২। মি. মান্নান নিজ প্রয়োজনে প্রতি মাসের শেষ তারিখে ৩,০০০ টাকা হারে সারা বছর নগদ উত্তোলন করেন। ৩। মালিক তার ব্যক্তিগত তহবিল থেকে ১ জুলাই ২০১৯ তারিখে ৯,২০,০০০ টাকা দিয়ে কারবারের জন্য একটি ডেলভারি ভ্যান ক্রয় করেন।

৪। মূলধন ও উত্তোলনের ওপর ৫% হারে সুদ ধার্য করতে হবে।

ক) মূলধন ও উত্তোলনের ওপর সুদ নির্ণয় করো।

খ) সমাপনী মূলধন ৮,৯৫,০০০ টাকা ধরে কারবারের নিট দায় বা ক্ষতি নিরূপণ করো।

গ) ২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে বৈষয়িক বিবৃতি তৈরি করো।

## ৪(ক) নং প্রশ্নের উত্তর

**মুলধন ও উত্তোলনের সুদের পরিমাণ নির্ণয়:**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **মুলধনের সুদ:** | | |
| প্রারম্ভিক মূলধন ( ৭,২০,০০০×৫%) | ৩৬,০০০ | |
| অতিরিক্ত মূলধন ( ৯,২০,০০০×৫%×৯/২) | ৩,০০০ | |
| | | ৩৯,০০০ |
| **উত্তোলনের সুদ:** | | |
| উত্তোলনের সুদ (৩,০০০×৫%×১১/২) | | ৮২৫ |

## <u>৪(খ) নং প্রশ্নের উত্তর</u>

মি. মান্নান
লাভ-লোকসান বিবরণী
২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| সমাপনী মূলধন | ৮,১৫,০০০ | |
| উত্তোলন | ৩৬,০০০ | |
| উত্তোলনের সুদ | ৮২৫ | |
| | | ৮,৫১,৮২৫ |
| বাদ: প্রারম্ভিক মূলধন | ৭,২০,০০০ | |
| অতিরিক্ত মূলধন | ১,২০,০০০ | |
| মূলধনের সুদ | ৩৯,০০০ | |
| ঋণের সুদ (নোট-১) | ১২,০০০ | |
| | | ৮,৯১,০০০ |
| নিট ক্ষতি (বৈষয়িক বিবরণীতে স্থানান্তরিত) | | <u>৩৯,১৭৫</u> |

প্রাসঙ্গিক গণনা ও নোট:

১। ঋণের সুদ নির্ণয়:

| বিবরণ | গণনা | টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক ঋণের জের | ১,০০,০০০ × ১০% | ১০,০০০ |
| ঋণ পরিশোধ | ৪০,০০০×১০%×৬/১২ | ২,০০০ |
| | | ১২,০০০ |

## <u>৪(গ) নং প্রশ্নের উত্তর</u>

মি. মান্নান
বৈষয়িক বিবরণী
২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| প্রাপ্য হিসাব | ১,৭০,০০০ | |
| মজুদ পণ্য | ১,৪০,০০০ | |
| নগদ তহবিল | ৪০,০০০ | |
| আসবাবপত্র | ১,৯০,০০০ | |
| ইমারত | ৪,০০,০০০ | |
| ডেলিভারি ভ্যান | ১,২০,০০০ | |
| মোট সম্পদ = | | <u>১০,৬০,০০০</u> |
| প্রদেয় বিল | | ১,২০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | | ২৫,০০০ |
| ঋণের বকেয়া সুদ | | ১২,০০০ |
| ১০% ঋণ (১,৪০,০০০-৪০,০০০) | | ১,০০,০০০ |
| প্রারম্ভিক মূলধন | ৭,২০,০০০ | |
| (+) অতিরিক্ত মূলধন | ১,২০,০০০ | |
| | ৮,৪০,০০০ | |
| (+) মূলধনের সুদ | ৩৯,০০০ | |
| | ৮,৭৯,০০০ | |
| (-) নিট ক্ষতি | ৩৯,১৭৫ | |
| | ৮,৩৯,৮২৫ | |
| (-) উত্তোলন (৩,০০০×১২) | ৩৬,০০০ | |
| | ৮,০৩,৮২৫ | |
| (-) উত্তোলনের সুদ | ৮২৫ | |
| | | ৮,০৩,০০০ |
| মোট দায় ও মালিকানাস্বত্ব = | | <u>১০,৬০,০০০</u> |

## নমুনা প্রশ্ন -০৫

জনাব করিম একতরফা দাখিলা পদ্ধতিতে হিসাব সংরক্ষণ করেন। নগদান বই বিশ্লেষণ করে ২০১৯ সালের নিম্নলিখিত হিসাব তথ্যাদি প্রদর্শিত হয়:

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| প্রাপ্য হিসাব থেকে প্রাপ্তি | ৫৫,০০০ | ব্যাংক জমাতিরিক্ত (০১/০১/১৯) | ৯,০০০ |
| অতিরিক্ত মূলধন | ১৫,০০০ | প্রদেয় হিসাবকে প্রদান | ২৪,০০০ |
| | | সাধারণ খরচ | ১১,০০০ |
| | | উত্তোলন | ৬,০০০ |
| | | ভাড়া | ১২,০০০ |
| | | ব্যাংক জমা (৩১/১২/১৯) | ৬,০০০ |
| | | নগদ জমা (৩১/১২/১৯) | ২,০০০ |
| | ৭০,০০০ | | ৭০,০০০ |

অন্যান্য তথ্য:

| হিসাবের নাম | ০১-০১-২০১৯ টাকা | ৩১-১২-২০১৯ টাকা |
|---|---|---|
| আসবাবপত্র | ১০,০০০ | ১০,০০০ |
| যন্ত্রপাতি | ২০,০০০ | ২০,০০০ |
| মজুদ পণ্য | ২০,০০০ | ২১,০০০ |
| প্রাপ্য হিসাব | ৫৫,০০০ | ৭৫,০০০ |
| প্রদেয় হিসাব | ২০,০০০ | ২৫,০০০ |

আসবাবপত্র ও যন্ত্রপাতির উপর ১০% অবচয় ধার্য করো এবং প্রাপ্য হিসাবের উপর ৫% অনাদায়ী পাওনা সঞ্চিতি ধার্য করো।

ক) প্রারম্ভিক মূলধন নির্ণয় করো।

খ) ধারে বিক্রয় ও ধারে ক্রয়ের পরিমাণ নির্ণয় করো।

গ) নিট লাভ ১৭,২৫০ টাকা ধরে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো।

### ৫(ক) নং প্রশ্নের উত্তর

**প্রারম্ভিক মূলধন নির্ণয়:**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **প্রারম্ভিক সম্পদসমূহ:** | | |
| আসবাবপত্র | ১০,০০০ | |
| যন্ত্রপাতি | ২০,০০০ | |
| মজুদ পণ্য | ২০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ৫৫,০০০ | |
| মোট সম্পদ = | | ১,০৫,০০০ |
| **বাদ: প্রারম্ভিক দায়সমূহ** | | |
| প্রদেয় হিসাব | ২০,০০০ | |
| ব্যাংক জমাতিরিক্ত | ৯,০০০ | |
| মোট দায় = | | ২৯,০০০ |
| প্রারম্ভিক মূলধন (পার্থক্যের পরিমাণ) = | | ৭৬,০০০ |

## ৫(খ) নং প্রশ্নের উত্তর

ধারে বিক্রয় ও ধারে ক্রয়ের পরিমান নির্ণয়:

ডে. প্রাপ্য হিসাব ক্রে.

| বিবরণ | টাকা | বিবরণ | টাকা |
|---|---|---|---|
| ব্যালেন্স বি/ডি | ৫৫,০০০ | নগদান হিসাব( প্রাপ্য হিসাব থেকে প্রাপ্ত) | ৫৫,০০০ |
| ধারে বিক্রয়( পার্থক্যের পরিমাণ) | ৭৫,০০০ | ব্যালেন্স সি/ডি | ৭৫,০০০ |
| | ১,৩০,০০০ | | ১,৩০,০০০ |

ডে. প্রদেয় হিসাব ক্রে.

| বিবরণ | টাকা | বিবরণ | টাকা |
|---|---|---|---|
| নগদান হিসাব(প্রদেয় হিসাব কে প্রদান) | ২৪,০০০ | ব্যালেন্স বি/ডি | ২০,০০০ |
| ব্যালেন্স সি/ডি | ২৫,০০০ | ধারে ক্রয়( পার্থক্যের পরিমাণ) | ২৯,০০০ |
| | ৪৯,০০০ | | ৪৯,০০০ |

## ৫(গ) নং প্রশ্নের উত্তর

জনাব করিম
আর্থিক অবস্থার বিবরণী
৩১ ডিসেম্বর ২০১৯ তারিখে প্রস্তুতকৃত

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| নগদ জমা | | ২,০০০ |
| ব্যাংকে জমা | | ৬,০০০ |
| মজুদ পণ্য | | ২৯,০০০ |
| প্রাপ্য হিসাব | ৭৫,০০০ | |
| বাদ: নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতি | ৩,৭৫০ | ৭১,২৫০ |
| আসবাবপত্র | ১০,০০০ | |
| (-) অবচয় | ১,০০০ | ৯,০০০ |
| যন্ত্রপাতি | ২০,০০০ | |
| (-) অবচয় | ২,০০০ | ১৮,০০০ |
| মোট সম্পদ = | | ১,২৭,২৫০ |
| দায়সমূহ ও মালিকানা স্বত্ব: | | |
| প্রদেয় হিসাব | | ২৫,০০০ |
| মালিকানা স্বত্ব: | | |
| প্রারম্ভিক মূলধন | ৭৬,০০০ | |
| (+) অতিরিক্ত মূলধন | ১৫,০০০ | |
| | ৯১,০০০ | |
| | ১৭,২৫০ | |
| (+) নিট লাভ | ১,০৮,২৫০ | |
| | ৬,০০০ | |
| (-) উত্তোলন | | ১,০২,২৫০ |
| মোট দায় ও মালিকানা স্বত্ব = | | ১,২৭,২৫০ |

**প্রাসঙ্গিক নোট ও গণনাসমূহ :**

১। প্রাপ্য হিসাবের সমাপনী জেরের উপর ৫% হারে অনাদায়ী পাওনা সঞ্চিতি ধার্য করা হয়েছে।

নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতি - ৭৫,০০০× ৫%
= ৩,৭৫০ টাকা

২। আসবাবপত্র ও যন্ত্রপাতির প্রারম্ভিক ও সমাপনী মূল্য একই। অর্থাৎ চলতি হিসাবকালে কোন সম্পত্তি ক্রয় - বিক্রয় করা হয়নি। ফলে সম্পত্তির প্রারম্ভিক মূল্যের উপর সম্পূর্ণ বছরের অবচয় ধার্য করা হয়েছে।

ক) আসবাবপত্র - ১০,০০০ × ১০% = ১,০০০ টাকা
খ) যন্ত্রপাতি - ২০,০০০ × ১০% = ২,০০০ টাকা

<><><><><><><>